গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা ১৫১/২০১৮-২০১৯

ঢাকা, বৃহস্পতিবার ৩১ জানুয়ারি ২০১৯, ১৮ মাঘ ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। একাদশ সংসদের যাত্রা শুরু
স্পিকার, ডেপুটি স্পিকার ও চিফ হুইপ নির্বাচিত

২। মৌলিক প্রশ্নে ঐকমত্য গড়তে সম্মিলিত উদ্যোগ গ্রহণ করতে হবে
সংসদে দেওয়া ভাষণে রাষ্ট্রপতি

৩। চড়াই-উৎরাই পেরিয়ে গণতান্ত্রিকধারা অব্যাহত রেখেছি
একাদশ সংসদের উদ্বোধন অধিবেশনে প্রধানমন্ত্রী

৪। সৈয়দ আশরাফ প্রতিটি ক্ষেত্রে সততার সঙ্গে দায়িত্ব পালন করেছেন :
সংসদে শোক প্রস্তাবের আলোচনায় প্রধানমন্ত্রী

৫। রোহিঙ্গা ফেরাতে মিয়ানমারকে চাপ দিন : ভিয়েতনামের মন্ত্রীকে প্রধানমন্ত্রী

৬। বাংলাদেশে জাহাজ নির্মাণখাতের উন্নয়ন ঘটেছে : সংযুক্ত আরব আমিরাতের নৌবাহিনী প্রধানকে প্রধানমন্ত্রী

৭। প্রধানমন্ত্রীকে নেদারল্যান্ডস, জর্দান, তিউনিসিয়া ও আজারবাইজানের অভিনন্দন

৮। মাদকের বিরুদ্ধে সারাদেশে ১ মিনিটের নীরব প্রতিবাদ
রাস্তায় দাঁড়িয়ে প্রতিবাদ জানাবেন প্রধানমন্ত্রী

৯। কোরিয়া থেকে ৮৪১ কোটি টাকায় ২০টি রেল ইঞ্জিন কেনার প্রস্তাব ক্রয়কমিটিতে অনুমোদন

১০। ব্রাজিলকে বিনিয়োগ করতে আহ্বান কৃষিমন্ত্রীর

১১। টিআই'র প্রতিবেদন উদ্দেশ্যপ্রণোদিত ও মনগড়া : তথ্যমন্ত্রী

১২। পল্লী উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নে বিশেষ গুরুত্ব দেওয়া হবে : এলজিআরডি মন্ত্রী

১৩। রেলওয়েকে যাত্রীবান্ধব করতে মোবাইল ফোন অ্যাপ তৈরি হচ্ছে : রেলমন্ত্রী

১৪। জ্বালানি বিভাগের প্রকল্প বাস্তবায়নে গতি বাড়াতে হবে : বিদ্যুৎ প্রতিমন্ত্রী

১৫। ঢাকা উত্তর সিটি করপোরেশনের মেয়র পদে ৬ জনের মনোনয়নপত্র জমা

১৬। আগামী ৩ ফেব্রুয়ারি উপজেলা নির্বাচনের তফসিল

১৭। এসএসসির পরীক্ষা কেন্দ্রের ২০০ গজের মধ্যে জনসাধারণের প্রবেশে নিষেধাজ্ঞা জারি

১৮। এসএসসির প্রশ্নফাঁস ঠেকাতে র‍্যাব তৎপর : র‍্যাব মহাপরিচালক

১৯। কেন্দ্রীয় ব্যাংকের মুদ্রানীতি ঘোষণা

চলমান পাতা-২

১। **একাদশ সংসদের যাত্রা শুরু**

**স্পিকার, ডেপুটি স্পিকার ও চিফ হুইপ নির্বাচিত**

একাদশ জাতীয় সংসদের যাত্রা শুরু হলো। নতুন সংসদের শুরুতেই স্পিকার ও ডেপুটি স্পিকার পদে নির্বাচন হয়। জাতীয় সংসদের স্পিকার হিসেবে টানা তৃতীয়বার নির্বাচিত হয়েছেন ড. শিরীন শারমিন চৌধুরী। আর ডেপুটি স্পিকার হিসেবে পুনর্নির্বাচিত হয়েছেন ফজলে রাব্বী মিয়া। গতকাল (৩০ জানুয়ারি বুধবার) একাদশ সংসদের প্রথম অধিবেশনের শুরুতেই নিয়ম অনুযায়ী এ দুজনকে নির্বাচিত করা হয়। এছাড়া চিফ হুইপ হিসেবে নিয়োগ পেয়েছেন নূর-ই আলম চৌধুরী লিটন। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.১), **জনকণ্ঠ (**পৃ.১,ক.৭**), ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।

২। **মৌলিক প্রশ্নে ঐকমত্য গড়তে সম্মিলিত উদ্যোগ গ্রহণ করতে হবে**

**সংসদে দেওয়া ভাষণে রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ বলেছেন, জাতীয় ঐকমত্য ব্যতিত শান্তি ও সমৃদ্ধি স্থায়ী রূপ পেতে পারে না। গণতন্ত্রের ধারাবাহিকতা, আইনের শাসন ও অব্যাহত আর্থসামাজিক উন্নয়নের মতো মৌলিক প্রশ্নে সব রাজনৈতিক দল, শ্রেণি ও পেশা নির্বিশেষে সবার ঐকমত্য গড়ে তোলার সম্মিলিত উদ্যোগ গ্রহণ করতে হবে। গতকাল (৩০ জানুয়ারি বুধবার) একাদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশনের প্রথম বৈঠকে সংবিধান অনুযায়ী দেওয়া ভাষণে রাষ্ট্রপতি এ আহ্বান জানান। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১,ক.১), **সমকাল (**পৃ.১,ক.১**), অবজারভার** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.২)।

৩। **চড়াই-উৎরাই পেরিয়ে গণতান্ত্রিকধারা অব্যাহত রেখেছি**

**একাদশ সংসদের উদ্বোধন অধিবেশনে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, অনেক ঘাত-প্রতিঘাত আর চড়াই-উৎরাই পার হয়ে আমরা গণতান্ত্রিক ধারা অব্যাহত রাখতে পেরেছি। এবারের নির্বাচনে সবাই স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করেছে। একটি সফল নির্বাচনের মধ্য দিয়ে এ সংসদ প্রতিষ্ঠিত হয়েছে। আমি বাংলাদেশের জনগণকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাই। গতকাল (৩০ জানুয়ারি বুধবার) একাদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশনের শুরুর দিনে আবারও সংসদের স্পিকার নির্বাচিত হওয়ায় ড. শিরীন শারমিন চৌধুরীকে ধন্যবাদ জানিয়ে দেওয়া বক্তব্যে তিনি একথা বলেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **সমকাল (**পৃ.১,ক.৩**), ডেইলি সান** (পৃ.১,ক.১)।

৪। **সৈয়দ আশরাফ প্রতিটি ক্ষেত্রে সততার সঙ্গে দায়িত্ব পালন করেছেন :**

**সংসদে শোক প্রস্তাবের আলোচনায় প্রধানমন্ত্রী**

জাতীয় সংসদে আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক প্রয়াত সৈয়দ আশরাফুল ইসলামের নামে শোক প্রস্তাব গ্রহণ করা হয়েছে। শোক প্রস্তাবের পর আলোচনায় অংশ নেয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাসহ সংসদ সদস্যরা। আলোচনায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, সৈয়দ আশরাফ অত্যন্ত সৎ ছিল। তাঁর রাজনৈতিক জ্ঞান, প্রজ্ঞা ও মেধা ছিল। সব সময়ই পড়াশুনার মধ্যে থাকত। বিশ্বের কোথায় কী হচ্ছে তার সব খবর সে রাখত। আলোচনাশেষে তাঁর বিদেহী আত্মার শান্তি কামনা করে সংসদ অধিবেশনকক্ষে দাঁড়িয়ে এক মিনিট নিরবতা পালন করেন সংসদ সদস্যরা। এরপর তাঁর আত্মার শান্তি কামনা করে মোনাজাত করা হয়। মোনাজাতশেষে সৈয়দ আশরাফের সম্মানে সংসদের বৈঠক ৩৫ মিনিট মুলতবি রাখা হয়। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.১), **সমকাল (**পৃ.২,ক.১**), নিউজ টুডে** (শেষ পৃ,ক.৪), **অবজারভার** (শেষ পৃ,ক.১)।

৫। **রোহিঙ্গা ফেরাতে মিয়ানমারকে চাপ দিন : ভিয়েতনামের মন্ত্রীকে প্রধানমন্ত্রী**

রোহিঙ্গাদের বাংলাদেশ থেকে ফিরিয়ে নিতে মিয়ানমার সরকারের ওপর চাপ অব্যাহত রাখতে ভিয়েতনামসহ আন্তর্জাতিক সম্প্রদায়ের প্রতি আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেন, মিয়ানমারকে অবশ্যই এখান থেকে তাদের নাগরিকদের ফেরত নিতে হবে। তাদের প্রত্যাবর্তনে আমরা বিশ্ব সম্প্রদায়ের সহায়তা চাই। ভিয়েতনামের প্রধানমন্ত্রীর বিশেষ দূত ও পররাষ্ট্রবিষয়ক উপমন্ত্রী জুয়্যান কুউক দেজং গতকাল (৩০ জানুয়ারি বুধবার) গণভবনে প্রধানমন্ত্রীর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করতে গেলে এ আহ্বান জানান প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.১), **সংবাদ (**শেষ পৃ,ক.৫**), অবজারভার** (পৃ.১,ক.৫), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.১)।

৬। **বাংলাদেশের জাহাজ নির্মাণখাতের উন্নয়ন ঘটেছে : সংযুক্ত আরব আমিরাতের নৌবাহিনী প্রধানকে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, তাঁর সরকারের বিভিন্ন পদক্ষেপের কারণে বাংলাদেশে জাহাজ নির্মাণ খাতের উন্নয়ন ঘটেছে। সংযুক্ত আরব আমিরাতের (ইউএই) নৌবাহিনী প্রধান রিয়ার এডমিরাল পাইলট সায়েদ বিন

হামদান আল-নাহিয়ান গতকাল (৩০ জানুয়ারি বুধবার) গণভবনে প্রধানমন্ত্রীর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করতে গেলে তিনি এ কথা বলেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৫), **সমকাল** (পৃ.১,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.৪), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.১)।

**৭। প্রধানমন্ত্রীকে নেদারল্যান্ডস, জর্দান, তিউনিসিয়া ও আজারবাইজানের অভিনন্দন**

চতুর্থবারের মতো বাংলাদেশের প্রধানমন্ত্রীর দায়িত্ব গ্রহণ করায় আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনাকে নেদারল্যান্ডের প্রধানমন্ত্রী মার্ক রাত্তে, জর্দানের প্রধানমন্ত্রী ড. ওমর সাল রাজ্জাজ ও তিউনিসিয়ার প্রধানমন্ত্রী ইউসেফ চাহেদ, আজারবাইজানের প্রধানমন্ত্রী নভরুজ মাম্মাদভসহ আরও রাষ্ট্র ও সরকার প্রধান তাঁদের আন্তরিক অভিনন্দন জানিয়েছেন। নেদারল্যান্ডের প্রধানমন্ত্রী মার্ক রাত্তে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে পাঠানো তাঁর অভিনন্দন বার্তায় বলেন, আপনার নতুন সরকারের মেয়াদের সূচনায় আপনার সৌভাগ্য কামনা করছি। তিনি বলেন, আমি দু'দেশের মধ্যে সহযোগিতা অব্যাহত রাখার ব্যাপারে আমাদের দীর্ঘদিনের ও আন্তরিক দ্বিপক্ষীয় সম্পর্ক বৃদ্ধি, টেকসই উন্নয়ন লক্ষ্য অর্জনের প্রচেষ্টার মধ্য দিয়ে যৌথভাবে সময়ের চ্যালেঞ্জ মোকাবিলা এবং সম্প্রতি গৃহীত বদ্বীপ পরিকল্পনা-২১০০ বাস্তবায়নসহ বিভিন্ন ক্ষেত্রে আমাদের অর্থনৈতিক সম্পর্ক জোরদারের অপেক্ষায় রয়েছি। তিউনিসিয়ার প্রধানমন্ত্রী ইউসেফ চাহেদ তাঁর বার্তায় বলেন, তিউনিসিয়ার সরকার বাংলাদেশের প্রধানমন্ত্রী পুনর্নির্বাচিত হওয়ায় আপনাকে অত্যন্ত আনন্দের সঙ্গে উষ্ণ অভিনন্দন ও শুভেচ্ছা জানাচ্ছে। তিনি প্রধানমন্ত্রীর সুস্বাস্থ্য, সুখ এবং বর্তমান মিশনে সাফল্য এবং প্রধানমন্ত্রীর বিজ্ঞ নেতৃত্বে বাংলাদেশের ভ্রাতৃপ্রতিম জনগণের শান্তি, অগ্রগতি ও সমৃদ্ধি কামনা করেন। সূত্র : **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৬), **নিউ নেশন** (পৃ.৩,ক.৪), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৬)।

**৮। মাদকের বিরুদ্ধে সারাদেশে ১ মিনিটের নীরব প্রতিবাদ**
**রাস্তায় দাঁড়িয়ে প্রতিবাদ জানাবেন প্রধানমন্ত্রীও**

মাদকের বিরুদ্ধে জনসচেতনতা বাড়াতে সারাদেশে এক মিনিটের নীরব প্রতিবাদ কর্মসূচি পালনের উদ্যোগ নিয়েছে স্বরাষ্ট্র মন্ত্রণালয়। স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী, ব্যবসাপ্রতিষ্ঠান, সরকারি ও আধা সরকারি প্রতিষ্ঠানের কর্মকর্তা ও কর্মচারীরা সড়কে দাঁড়িয়ে প্রতিবাদ জানাবেন। এমনকি বাস, ট্রেন, লঞ্চসহ সব ধরনের যানবাহনও নির্দিষ্ট সময়ে থেমে গিয়ে প্রতিবাদ কর্মসূচিতে অংশ নেবে। শুধু তাই নয় রাস্তায় দাঁড়িয়ে প্রতিবাদ জানাবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনাও। বিষয়টি নিশ্চিত করেছে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের (সুরক্ষা সেবা) অতিরিক্ত সচিব আতিকুল হক। তিনি বলেন, এ ব্যাপারে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। তবে প্রধানমন্ত্রীর সময়ের ওপরই দিনক্ষণ ঠিক করা হবে। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৭)।

**৯। কোরিয়া থেকে ৮৪১ কোটি টাকায় ২০টি রেল ইঞ্জিন কেনার প্রস্তাব ক্রয়কমিটিতে অনুমোদন**

রেলওয়ের সেবা বাড়াতে কোরিয়া থেকে ৮৪১ কোটি টাকা ব্যয়ে ২০টি ডিজেল ইলেকট্রিক রেল ইঞ্জিন কেনা হবে। সরকার টু সরকার বা জিটুজি পদ্ধতির আওতায় কোরিয়ার হুন্দাই রোটেম কোম্পানি থেকে এসব ইঞ্জিন কেনার সিদ্ধান্ত নিয়েছে সরকার। এছাড়া চলতি ২০১৮-১৯ অর্থবছরে রাষ্ট্রীয় পর্যায়ে চুক্তির মাধ্যমে সংযুক্ত আরব আমিরাতের রুওয়াইনস ফার্টিলাইজার থেকে প্রথম লটে ২৫ হাজার টন ইউরিয়া সার আমদানির অনুমোদন দিয়েছে সরকারি ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি। এতে ব্যয় হবে ৫৯ কোটি ১৮ লাখ টাকা। গতকাল (৩০ জানুয়ারি বুধবার) সচিবালয়ে মন্ত্রিপরিষদ বিভাগের সম্মেলনকক্ষে অনুষ্ঠিত সরকারি ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠকে এ প্রস্তাব অনুমোদন দেওয়া হয়। কমিটির আহ্বায়ক অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল এতে সভাপতিত্ব করেন। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.১৬,ক.৫), **সংবাদ** (পৃ.২,ক.৪), **ইনকিলাব** (শেষ পৃ,ক.১)।

**১০। ব্রাজিলকে বিনিয়োগ করতে আহ্বান কৃষিমন্ত্রীর**

কৃষিমন্ত্রী আব্দুর রাজ্জাক বলেছেন, বাংলাদেশের সঙ্গে সম্পর্কের আরও উন্নয়ন ঘটাতে চায় ব্রাজিল। এছাড়া বাংলাদেশের অগ্রগতি এবং উন্নয়নের অংশীদার হতে চায় দেশটি। গতকাল (৩০ জানুয়ারি বুধবার) কৃষিমন্ত্রীর সঙ্গে তাঁর কার্যালয়ে ঢাকায় নিযুক্ত ব্রাজিলের রাষ্ট্রদূত জোয়াও তাবাজারা ডি অলিভেইরা জুনিয়র সাক্ষাৎ করে এ আগ্রহের কথা জানান। রাষ্ট্রদূত বলেন, কৃষিক্ষেত্রে সম্ভাবনাগুলো কাজে লাগাতে এবং সহযোগিতার নতুন ক্ষেত্র খুঁজে বের করতে পারি। দুই দেশের মধ্যে কৃষির ধারণাগুলো পারস্পরিক বিনিময়ের মাধ্যমে আরও উন্নয়ন সম্ভব। সূত্র : **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৬), **সংবাদ** (শেষ পৃ,ক.১), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.৭)।

**১১। টিআই'র প্রতিবেদন উদ্দেশ্যপ্রণোদিত ও মনগড়া : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্মুদ বলেছেন, ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনালের (টিআই) দুর্নীতির ধারণা সূচকে বাংলাদেশের দুর্নীতি বেড়েছে বলে যে তথ্য দেওয়া হয়েছে, তা রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত, ত্রুটিপূর্ণ, অস্বচ্ছ ও

মনগড়া। দেশ ও মানুষকে হেয় প্রতিপন্ন করার জন্য এটি প্রকাশ করা হয়েছে। টিআই'র কাজের পদ্ধতিই ট্রান্সপারেন্ট (স্বচ্ছ) নয়। গতকাল (৩০ জানুয়ারি বুধবার) সচিবালয়ে ব্রিফিংয়ে টিআই'র প্রতিবেদনের প্রতিক্রিয়ায় এসব কথা বলেন মন্ত্রী। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.৫), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৭), **অবজারভার** (পৃ.১,ক.৬), **নিউজ টুডে** (পৃ.১,ক.৪)।

**১২। পল্লী উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নে বিশেষ গুরুত্ব দেওয়া হবে : এলজিআরডি মন্ত্রী**

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় (এলজিআরডি) মন্ত্রী মো.তাজুল ইসলাম বলেছেন, জনসাধারণকে আস্থায় নিয়ে কাজ করলে যেকোনো কাজে সাফল্য পাওয়া যায়। পল্লী উন্নয়ন ও সাধারন মানুষের জীবনমান উন্নয়নে চলমান কর্মসূচিগুলো এগিয়ে নিতে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। গতকাল (৩০ জানুয়ারি বুধবার) পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সম্মেলনকক্ষে পল্লী উন্নয়ন ও সংস্থাগুলোর ২০১৮-১৯ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অন্তর্ভুক্ত প্রকল্পগুলোর বাস্তবায়ন অগ্রগতির ওপর পর্যালোচনাসভায় তিনি এসব কথা বলেন। সূত্র : **যুগান্তর** (পৃ.১৭,ক.৭)।

**১৩। রেলওয়েকে যাত্রীবান্ধব করতে মোবাইল ফোন অ্যাপ তৈরি হচ্ছে : রেলমন্ত্রী**

রেলওয়েকে যাত্রীবান্ধব করে গড়ে তুলতে প্রযুক্তি নির্ভর সেবা প্রদানের জন্য মোবাইল ফোনেই টিকেট ক্রয়, টিকেট কালোবাজারিরোধ, প্রাপ্যসেবা না পেলে তার বিরুদ্ধে অভিযোগ প্রদানসহ সকল সমস্যার তাৎক্ষণিক সমাধানের জন্য মোবাইল ফোন অ্যাপ তৈরি করা হচ্ছে বলে জানিয়েছেন রেলপথমন্ত্রী নুরুল ইসলাম এমপি। এ অ্যাপে যাত্রী তার সেবার জন্য এমনকি অভিযোগ প্রদানের জন্যও ব্যবহার করতে পারবে বলে জানিয়েছেন তিনি। ২০২০ সালের এপ্রিলের মধ্যে এ উদ্যোগটি কার্যকর করা হবে। গতকাল (৩০ জানুয়ারি বুধবার) রেলভবনে রেলওয়েসেবা ডিজিটাইজেশন সংক্রান্ত তথ্য ও প্রযুক্তি মন্ত্রণালয়ের সঙ্গে এ সংক্রান্ত এক বৈঠকে মন্ত্রী এসব কথা বলেন। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.২,ক.৫), **ইনকিলাব** (শেষ পৃ,ক.২), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ,ক.৬)।

**১৪। জ্বালানি বিভাগের প্রকল্প বাস্তবায়নে গতি বাড়াতে হবে : বিদ্যুৎ প্রতিমন্ত্রী**

বিদ্যুৎ, জ্বালানি খনিজ সম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ বিপু বলেছেন, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের প্রকল্পগুলো বাস্তবায়নে গতি আরও বাড়াতে হবে। উন্নয়ন ও অগ্রগতির প্রতিচ্ছবি জনগণকে জানানোর উদ্যোগ নেওয়া প্রয়োজন। ভূতাত্ত্বিক জরিপ অধিদফতরের তথ্য সবার জন্য উন্মুক্ত করা প্রয়োজন। কোনো বৃহৎ অবকাঠামো করতে এসব তথ্য কাজে লাগনোর উদ্যোগ নিতে হবে। গতকাল (৩০ জানুয়ারি বুধবার) মন্ত্রণালয়ের সভাকক্ষে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের আওতাধীন ২০১৮-১৯ অর্থবছরের এডিপিতে জিওবি ও বৈদেশিক অর্থায়নপুষ্ট, সংস্থার নিজস্ব অর্থায়ন এবং গ্যাস উন্নয়ন তহবিলভুক্ত প্রকল্পগুলোর ডিসেম্বর ২০১৮ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনাসভায় তিনি এসব কথা বলেন। সূত্র : **যুগান্তর** (পৃ.২,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.২)।

**১৫। ঢাকা উত্তর সিটি করপোরেশনের মেয়র পদে ৬ জনের মনোনয়নপত্র জমা**

ঢাকা উত্তর সিটি করপোরেশনে মেয়র পদের উপনির্বাচনে আওয়ামী লীগ ও জাতীয় পার্টির প্রার্থীসহ ছয়জন মনোনয়নপত্র জমা দিয়েছেন। একাদশ সংসদ নির্বাচনের ফল প্রত্যাখানকারী বিএনপি নেতৃত্বাধীন জাতীয় ঐক্যফ্রন্ট কিংবা বাম গণতান্ত্রিক জোটভুক্ত কোন দলের প্রার্থী স্থানীয় সরকারের এ নির্বাচনের মনোনয়নপত্র জমা দেননি। আনিসুল হকের মৃত্যুতে শূন্য ঢাকা উত্তরে মেয়র পদে উপনির্বাচনে ভোটগ্রহণ হবে আগামী ২৮ ফেব্রুয়ারি। গতকাল (৩০ জানুয়ারি বুধবার) ছিল মনোনয়নপত্র জমা দেওয়ার শেষ দিন। সূত্র-**সংবাদ** (পৃ.১৫,ক.৬), **যুগান্তর** (শেষ পৃ.,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** ( শেষ পৃ.,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.)।

**১৬। আগামী ৩ ফেব্রুয়ারি উপজেলা নির্বাচনের তফসিল**

আগামী ৩ ফেব্রুয়ারি উপজেলা পরিষদ নির্বাচনের তফসিল ঘোষণা করতে যাচ্ছে নির্বাচন কমিশন (ইসি)। ঐ দিন কমিশনের সভাশেষে উপজেলার প্রথম ধাপের নির্বাচনের তফসিল ঘোষণা করা হবে বলে জানিয়েছে ইসি। এবার পাঁচ ধাপে উপজেলা পরিষদে ভোট হবে। আগামী ৩১ মার্চের মধ্যেই চার ধাপের ভোট শেষ করবে কমিশন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৩), **নিউ নেশন** ( শেষ পৃ.,ক.৫), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৫)।

**১৭। এসএসসির পরীক্ষা কেন্দ্রের ২০০ গজের মধ্যে জনসাধারণের প্রবেশে নিষেধাজ্ঞা জারি**

এসএসসি ও সমমানের পরীক্ষা চলাকালে ২০০ গজের মধ্যে জনসাধারণের প্রবেশে নিষেধাজ্ঞা জারি করা হয়েছে। ডিএমপির কমিশনার আসাদুজ্জামান মিয়া স্বাক্ষরিত সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। ঢাকা মেট্রোপলিটান পুলিশ অর্ডিন্যান্সের ২৮ ও ২৯ ধারায় অর্পিত ক্ষমতাবলে ডিএমপি কমিশনার এ আদেশ দেন। সূত্র : **যুগান্তর** (পৃ.১৭,ক.৫), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৮), **নিউজ টুডে** (পৃ.১,ক.৭), **অবজারভার** (পৃ.৩,ক.২)।

**১৮। এসএসসির প্রশ্নফাঁস ঠেকাতে র‍্যাব তৎপর : র‍্যাব মহাপরিচালক**

র‍্যাব মহাপরিচালক বেনজীর আহমেদ জানিয়েছেন, আসন্ন এসএসসি ও সমমানের পরীক্ষায় প্রশ্নফাঁস ঠেকাতে তৎপর রয়েছে র‍্যাব। সামাজিক যোগাযোগ মাধ্যমসহ সাইবার ওয়ার্ল্ডে নজরদারি বাড়ানো হয়েছে। দু-একদিনের মধ্যে এর সুফল পাওয়া যাবে। গতকাল (৩০ জানুয়ারি বুধবার) তিনি রাজধানীর কারওয়ান বাজারে র‍্যাব মিডিয়া সেন্টারে আয়োজিত সংবাদসম্মেলনে এসব কথা জানান। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.২), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **নিউজ টুডে (শেষ** পৃ,ক.২), **নিউ নেশন** (পৃ.১,ক.৩)।

**১৯। কেন্দ্রীয় ব্যাংকের মুদ্রানীতি ঘোষণা**

বেসরকারিখাতে ঋণ প্রবৃদ্ধি বর্তমানের চেয়ে বাড়াতে চায় কেন্দ্রীয় ব্যাংক। গত ডিসেম্বর পর্যন্ত এক বছরে বেড়েছে ১৩ দশমিক ৩০ শতাংশ। নতুন মুদ্রানীতিতে আগামী জুন নাগাদ বেসরকারি খাতে ঋণ ১৬ দশমিক ৫০ শতাংশ বাড়ানোর লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। অবশ্য এ লক্ষ্যমাত্রা আগের মুদ্রানীতিতে উল্লিখিত লক্ষ্যমাত্রা ১৬ দশমিক ৮০ শতাংশের চেয়ে কম। গতকাল (৩০ জানুয়ারি বুধবার) চলতি অর্থবছরের দ্বিতীয়ার্ধের (জানুয়ারি-জুন) মুদ্রানীতি ঘোষণা করে বাংলাদেশ ব্যাংকের গভর্নর ফজলে কবির। সূত্র-**সমকাল** (শেষ পৃ,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৩), **নিউজ টুডে (** পৃ.১,ক.৬), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.২)।

**সম্পাদকীয়**

**ক.** **যুগান্তর, ডেইলি সান, অবজারভার :** রাজধানীর বুড়িগঙ্গা নদীর দুই প্রান্তে গড়ে ওঠা অবৈধ স্থাপনা উচ্ছেদের পর ফের দখল ঠেকাতে এবার নদী তীরে ওয়াকওয়ে ও বনায়নসহ বিভিন্ন প্রকল্প হাতে নেওয়া হয়েছে উল্লেখ করে রাজধানীর চার নদীসহ দেশের অন্য নদ নদীগুলো দখল ও দূষণমুক্ত করতে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

**খ.** **জনকণ্ঠ :** কৃষি সম্প্রসারণ অধিদফতরের উদ্যোগে রাজধানীর ফার্মগেটের খামারবাড়িতে আয়োজিত সবজিমেলা অনেক শিক্ষিত তরুণকে আগামীতে কৃষি উদ্যোক্তা হিসেবে গড়ে তুলতে সাহায্য করবে বলে মতপ্রকাশ।

**গ.** **ইন্ডিপেনডেন্ট :** খাদ্যে ভেজালরোধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

**ঘ.** **ইত্তেফাক :** জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের বেশিরভাগ বিভাগে তীব্র সেশনজট সৃষ্টি হয়েছে এ তথ্যে উদ্বেগ প্রকাশ করে সারাদেশে বিশ্ববিদ্যালয়গুলোর সেশনজট নিরসনে সংশ্লিষ্টদের কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

**ঙ.** **বণিক বার্তা :** প্রধানমন্ত্রী শেখ হাসিনা তিন ফসলি জমি নষ্ট করে স্থাপনা নির্মাণ না করতে জাতীয় নীতিমালা প্রণয়নের নির্দেশ দিয়েছেন উল্লেখ করে ভূমি মন্ত্রণালয় দ্রুততম সময়ের মধ্যে প্রধানমন্ত্রীর এ নির্দেশনা পালন করবে বলে প্রত্যাশা ব্যক্ত।

**চ.** **ভোরের কাগজ, বণিক বার্তা, ইনকিলাব, যায়যায়দিন, সমকাল, যুগান্তর, সংবাদ, নিউ এজ, নিউ নেশন :** ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনালের দুর্নীতির ধারণা সূচকে বাংলাদেশের অবস্থানের ছয় ধাপ অবনমন ঘটেছে উল্লেখ করে দুর্নীতির বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি বাস্তবায়ন করার ওপর গুরুত্বারোপ।

**ছ.** **নিউ এজ :** যত্রতত্র গাড়ি পার্কিং রাজধানীর যানজটের অন্যতম কারণ উল্লেখ করে এ অবস্থা নিরসনে পর্যাপ্ত পার্কিং করার স্থান গড়ে তোলার ওপর গুরুত্বারোপ।

**উপসম্পাদকীয়**

**জনকণ্ঠ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, ভৌগোলিক অবস্থানের কারণে বাংলাদেশ আকারে যতই ছোট হোক আগামী ২৫ বছরে অনেক বড় অর্থনীতির দেশ হওয়ার সুযোগ রয়েছে।

**নিবন্ধ ও ফিচার**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'অমর একুশে গ্রন্থমেলার চেতনা'** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, বাংলা একাডেমি আয়োজিত অমর একুশে গ্রন্থমেলা এখন আর শুধু বই কেনাবেচার স্থান নয়, একইসঙ্গে তা বৃহত্তর বাঙালির প্রাণের মিলনমেলায় পরিণত হয়েছে।

#

ডালিয়া/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা